

## অভিভাবকদের জন্য তথ্যাদি হেরিটেজ ভাষা শিক্ষার্থীর স্ব-মূল্যায়ন

### হেরিটেজ ভাষা শিক্ষার্থীর স্ব-মূল্যায়ন কি?

- এই স্ব-মূল্যায়ন হচ্ছে ক্রমানুসারে সাজানো একগুচ্ছ ফর্ম যা একজন শিক্ষার্থী তার হেরিটেজ ভাষার উপরে তার দক্ষতা মূল্যায়নের জন্য ব্যবহার করতে পারবে। এই ফর্মগুলোতে ভাষার দক্ষতার বিবরণ দেয়া আছে। শিক্ষার্থী নিজে ঠিক করবে স্ব-মূল্যায়নের ফর্মগুলোতে উল্লেখিত তালিকার দক্ষতাগুলো সে অর্জন করেছে কী না। ভাষা শিক্ষক স্ব-মূল্যায়নের ব্যাপারে ছাত্র-ছাত্রীদেরকে সহায়তা করবেন।

### শিক্ষার্থীরা নিজেরাই কেন তাদের অগ্রগতির মূল্যায়ন করছে? এটা কি শিক্ষকের কাজ নয়?

- স্ব-মূল্যায়ন শিক্ষার্থীদের অনুধাবন করতে সাহায্য করে
  - ক) তারা কি শিখেছে
  - খ) কীভাবে শেখে এবং
  - গ) কোথায় উন্নতি করা যেতে পারে।
- স্ব-মূল্যায়নের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা নিজেদের শেখার ব্যাপারে দায়িত্বশীল হয়।
- শিক্ষক ভাষা শিক্ষার ব্যাপারে নির্দেশাবলী, উপদেশ এবং অনুকূল পরিবেশ প্রদান করেন।
- এই স্ব-মূল্যায়ন ফর্মগুলোর কেন্দ্রীভূত লক্ষ্য হচ্ছে শিক্ষার্থী কী পারে তা, কী পারে না তা নয়।
- সব শিক্ষার্থীই তার অগ্রগতি বুঝতে পারবে, যদিও সে সামনে সামান্য একধাপ এগোয়।

### স্ব-মূল্যায়নের ফর্মগুলোর বিকাশ কীভাবে হয়েছে?

- সাসকাচুয়ান অর্গানাইজেশন ফর হেরিটেজ ল্যাংগুয়েজ (SOHL) সাসকাচুয়ান শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় স্ব-মূল্যায়নের ফর্মগুলো তৈরী করেছে।
- স্ব-মূল্যায়নের এই ফর্মগুলোর ভিত্তি হচ্ছে ভাষার সাধারণ সূচকের অবকাঠামো, ভাষার একটি আন্তর্জাতিক মানদণ্ড [Common Framework of Reference for Languages (CFR) ] যা অতিরিক্ত ভাষার জন্য শিক্ষা মন্ত্রণালয় সুপারিশ করেছে।
- ভাষার সাধারণ সূচকের অবকাঠামো সামঞ্জস্যপূর্ণ মান এবং পারিভাষিক শব্দ প্রদান করে যার সাহায্যে সকল শিক্ষার্থীকে একই নির্ণায়কবলীর দ্বারা মূল্যায়ন করা যায়।

### স্ব-মূল্যায়নের ফর্মটি পূরণ হবার পর কার কাছে থাকবে?

- একজন ছাত্র/ছাত্রী নিজেই তার পূরণ করা স্ব-মূল্যায়ন ফর্মের মালিক। শিক্ষক অবশ্য শিক্ষাবর্ষ চলাকালীন এই ফর্মগুলো একটি ফাইলে রাখতে পারেন যাতে করে যখনই স্ব-মূল্যায়ন হবে তখনই এই ফর্মগুলো বের করে আনা যায়।

### একটি স্ব-মূল্যায়ন ফর্ম কি একাধিক বছরের জন্য ব্যবহার করা হবে?

- হ্যাঁ। কোন ছাত্র/ছাত্রীর কোন এক স্তরের দক্ষতাগুলো আয়ত্ব করতে এক বছরেরও বেশী সময় লাগতে পারে। সে কারণে প্রত্যেক বিশেষ্যর পাশে একাধিক তারিখের যায়গা আছে।

### অভিভাবক হিসেবে আমি কীভাবে সাহায্য করতে পারি?

- আপনার সন্তান/সন্ততির স্ব-মূল্যায়ন ফর্মটি ভালভাবে দেখে নিন। এই ফর্মে উল্লেখিত দক্ষতাসমূহের সাথে পরিচিত হউন। আপনার সন্তান/সন্ততিকে ভাষা শেখার ব্যাপারে যতটা সম্ভব সেভাবে বাসায় সাহায্য করুন।
- শিক্ষক অনুরোধ করলে আপনার সন্তান/সন্ততির শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত ছাত্র/ছাত্রী নম্বরের জন্য তার স্কুলের সাথে যোগাযোগ করুন।

স্ব-মূল্যায়ন ফর্মের ব্যাপারে আমার কোন প্রশ্ন থাকলে কার সাথে যোগাযোগ করব?

- আপনার সন্তান/সন্ততির ভাষা শিক্ষক বা হেরিটেজ ভাষা স্কুলের সাথে যোগাযোগ করুন।
- ভাষার সাধারণ সূচকের অবকাঠামো সম্পর্কে আরও জানতে হলে সাসকাচুয়ান অর্গানাইজেশন ফর হেরিটেজ ল্যাংগুয়েজ (SOHL) এর সাথে [sohl@sasktel.net](mailto:sohl@sasktel.net) ইমেলে যোগাযোগ করুন।